



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৬/৪০৮৮

তারিখ: ২৪/০৮/২০১৬খ্রি.


বিষয় : আগামী ০৩/০৯/২০১৬ তারিখ জংগিবাদ ও সন্ত্রাস বিরোধী সভা আয়োজন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকল কলেজে জংগিবাদ ও সন্ত্রাস বিরোধী সভার আয়োজন করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ এ কার্যক্রম বাস্তবায়নের সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।

২। উক্ত সভায় জংগিবাদ ও সন্ত্রাস বিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে এবং একই সাথে নিয়মিত ভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইড্‌স কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা বান্ধব পরিবেশ তৈরীর বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

৩। আয়োজিত এ সভায় সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি Community Leader, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৪। এ সভার জন্য ব্যানার তৈরী করে আগামী ২৭.০৮.২০১৬ তারিখ থেকে প্রতি কলেজে দৃশ্যমান জায়গায় টানিয়ে রাখতে হবে।



ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

অধ্যক্ষ

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজসমূহ